"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
দিরাই উপজেলা পরিষদ
সুনামগঞ্জ জেলা।

## সেপ্টেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী (৫২ তম সভা)

সভাপতি : জনাব মোঃ মঞ্জুর আলম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ও সময় : ১৮/০৯/২০২৩, সকাল- ১০:০০ ঘটিকা।

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়। সভাপতির অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (১) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত :** বিগত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| (২) বিগত মাসের উপজেলা পরিষদের আয়-ব্যয়ের হিসাব পর্যালোচনা : | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় উপজেলা পরিষদের বিগত আগস্ট/২০২৩ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী দাখিল করেন। দাখিলকৃত হিসাব বিবরণী নিম্নরূপ: | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

| আয় | | | ব্যয় | | |
|---|---|---|---|---|---|
| ক্রঃনং | বিবরণ | টাকা | ক্রঃনং | বিবরণ | টাকা |
| ১. | প্রারম্ভিক জের | ২০,৮৩,৮৩২/৬৮ | ১. | চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের আগস্ট/২০২৩ মাসের সম্মানী ও বাড়ি ভাড়া | ৯৯,০০০/- |
| ২. | বাসা ভাড়া বাবদ প্রাপ্য | ৭,৪৫৩/- | ২. | অফিস সহায়কদ্বয়ের ও সুইপারের আগস্ট/২০২৩ মাসের বেতন | ৩৬,৩০০/- |
| ৩. | সাব-রেজিষ্ট্রার হতে ১% | ৫,৫০,৪১৮/৬২ | ৩. | উপজেলা পরিষদের আগস্ট/২০২৩ মাসের আনুষাঙ্গিক বিল প্রদান | ৫,০০০/- |
| ৪. | -- | -- | ৪. | উপজেলা পরিষদের আগস্ট/২০২৩ মাসের আপ্যায়ন বিল প্রদান | ৩০,০০০/- |
| ৫. | -- | -- | ৫. | উপজেলা পরিষদের জীপ গাড়ির টায়ারক্রয় বিল প্রদান | ২৫,০০০/- |
| ৬. | -- | -- | ৬. | জনাব জুই তালুকদার'কে অগ্নীকান্ডে ক্ষতিগ্রস্ত হিসেবে আর্থিক অনুদান প্রদান | ৫০০০/- |
| ৭. | -- | -- | ৭. | বঙ্গবন্ধু বঙ্গমাতা ফুটবল টুর্ণামেন্ট এর পুরষ্কারক্রয়ের ভ্যাট প্রদান | ১৫০০/- |
| ৮. | -- | -- | ৮. | উপজেলা নির্বাহী অফিসের জন্য ০১টি ফ্যানক্রয় বিল প্রদান | ৪,০০০/- |
| ৯. | -- | -- | ৯. | উপজেলা পরিষদের ০২জন কর্মচারির জিপিএফ এর চাঁদা প্রদান | ৫,৬২৯/- |
| ১০. | -- | -- | ১০ | জাতীয় শোক দিবস ২০২৩ এর ব্যয় বিল প্রদান | ২০,০০০/- |
| ১১. | -- | -- | ১১. | জাতীয় স্থানীয় সরকার দিবস উদ্‌যাপন ব্যয় বিল | ২৫,০০০/- |



Scanned With Scanner App Lite

'শেখ হাসিনার ...
গ্রাম শহরের ...

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | প্রদান | |
| ১২. | -- | -- | ১২. | উপজেলা পরিষদের আঙ্গিনা পরিষ্কার বিল প্রদান | ২৫,০০০/- |
| | | | | আগস্ট/২৩ মাসের মোট ব্যয়- | ২,৮১,৪২৯/- |
| | আগস্ট/২৩ মাসের আয়- | ৫,৫৭,৮৭১/৬২ | | সর্বমোট ব্যয়- | ২,৮১,৪২৯/- |
| | সর্বমোট আয়- | ২৬,৪১,৭০৪/৩০ | | | |
| সমাপনী স্থিতি- ২৩,৬০,২৭৫/৩০ | | | | | |

| | | |
|---|---|---|
| | উপস্থাপিত হিসাব বিবরণী অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষন করেন। বিষয়টি সম্পর্কে সভায় বিস্তারিত আলেচনা করা হয়।<br>**সিদ্ধান্ত :** উপজেলা পরিষদের বিগত মাসের দাখিলকৃত আয়-ব্যয়ের হিসাব বিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | |
| (৩) উপজেলা পরিষদের প্রকল্প গ্রহণ ও বাছাই কমিটির প্রতিবেদন পর্যালোচনা : | উপজেলা প্রকৌশলী, দিরাই উপজেলা প্রকল্প বাছাই কমিটির ১৭/০৯/২০২৩ তারিখের সভার কার্যবিবরণীসহ প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। প্রতিবেদনে ২০২৩-২০২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি), উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (ইউডিএফ) এর আওতায় বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রায়- ২.০০ (দুই) কোটি টাকার প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদনের প্রস্তাব/সুপারিশ করা হয়। দাখিলকৃত প্রতিবেদন সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>**সিদ্ধান্ত :** উপজেলা প্রকল্প বাছাই কমিটি কর্তৃক প্রস্তাবিত/সুপারিশকৃত ২০২৩-২০২৪ অর্থ বছরে প্রাপ্ত বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (ইউডিএফ)র আওতায় প্রস্তাবিত সকল প্রকল্প বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বাস্তবায়নের লক্ষ্যে সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অনুমোদিত প্রকল্প তালিকা পরিশিষ্ট 'গ'। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/ উপজেলা প্রকৌশলী, দিরাই। |
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় তার বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই'কে অনুরোধ জানান।<br>**সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, দিরাই তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা কৃষি অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চেয়ারম্যান, কুলঞ্জ ইউনিয়ন পরিষদ সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন সরকারি ভাবে আগত সার ও বীজ যেন যথা সময়ে কৃষকদের মাঝে বিতরণ করা যায় সেই দিকে বিশেষভাবে দৃষ্টি রাখার জন্য অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা কৃষি অফিসার 'কে অনুরোধ জানানো হয়। এছারাও সরকারি সকল সার-বীজ যেন যথা সময়ে কৃষকদের মাঝে পৌছে দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা কৃষি অফিসার 'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার, দিরাই |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় জানান তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। গবাদি পশুর ক্ষুরা রোগ প্রতিরোধে জন্য উপজেলা পরিষদ হতে "ক্ষুরা রোগের ভ্যাক্সিনেশন ক্যাম্প" করার জন্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ প্রদানের জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। সেই সাথে "ক্ষুরা রোগের ভ্যাক্সিনেশন ক্যাম্প" প্রকল্পটি উপজেলা প্রকল্প বাছাই কমিটিতে প্রেরণের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা দিরাই |
| মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। উপজেলা মৎস্য অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন দেশিও মাছ নিধনে যে সকল জাল এবং চাই ব্যবহার করা হচ্ছে তা চলতে থাকলে আগামী কয়েক বছরের ভিতরে সকল প্রকার দেশিও মাছ নিধন হয়ে যাবে। তাই অবৈধ পন্থায় যে সকল ব্যক্তি দেশিও মাছ নিধনে কাজ করছে তাদের আইনের আওতায় আনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, দিরাই'কে অনুরোধ জানান। বিষয়টিতে উপস্থিত সকলে একমত পোষণ করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই অনুরোধ জানানো হয়। সেই সাথে দেশিও মাছ নিধন বন্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় তার বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ সভায় উপস্থিত | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |



Scanned With Scanner App Lite

| | | |
|---|---|---|
| | থাকার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই'কে অনুরোধ জানান।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | দিরাই |
| ...জেলা প্রকৌশল ...ভাগ | উপজেলা প্রকৌশলী (এলজিইডি), দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি জানান তার বিভাগীয় কার্যক্রমসহ সকল উন্নয়ন কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরও জানান উপজেলা পরিষদ চেয়ারম্যান, অফিস মেরামত ও সংস্কার কাজে জন্য- ৩.৯০ লক্ষ টাকার (২টি পিআইসি), উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনের বউন্ডারি ওয়াল, রাস্তা, আনসারদের জন্য চেক পোষ্ট নির্মাণ এবং উপজেলা হিসাব রক্ষণ অফিস মেরামত ও সংস্কার কাজে জন্য- ৪.০০ লক্ষ টাকার (১টি আরএফকিউ) ০২টি কাজে সর্বমোট- ৭.৯০ লক্ষ টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে; তা সদয় অনুমোদনের প্রয়োজন। উল্লেখ্য যে চলতি বছরে রাজস্ব তহবিলের মেরামত খাতের ১০.০০ লক্ষ টাকা হতে ইতোপূর্বে- ৮,৪৩,৫০০/- (আট লক্ষ তেতাল্লিশ হাজার পাঁচশত) টাকা ব্যয় হয়েছে। কাজেই অতিরিক্ত- ৬,৩৩,৫০০/- (ছয় লক্ষ তেত্রিশ হাজার পাঁচশত) টাকা অতিরিক্ত ব্যয়ের অনুমোদনের লক্ষে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করার জন্য অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদ চেয়ারম্যান, অফিস মেরামত ও সংস্কার কাজে জন্য- ৩.৯০ লক্ষ টাকার (২টি পিআইসি), উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনের বউন্ডারি ওয়াল, রাস্তা, আনসারদের জন্য চেক পোষ্ট নির্মাণ এবং উপজেলা হিসাব রক্ষণ অফিস মেরামত ও সংস্কার কাজে জন্য- ৪.০০ লক্ষ টাকার (১টি আরএফকিউ)সহ ০২টি কাজে সর্বমোট- ৭.৯০ লক্ষ টাকার প্রাক্কলন অনুমোদন পূর্বক উপজেলা রাজস্ব তহবিলের মেরামত খাতে অতিরিক্ত- ৬,৩৩,৫০০/- (ছয় লক্ষ তেত্রিশ হাজার পাঁচশত) টাকা অতিরিক্ত ব্যয়ের অনুমোদনের লক্ষে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলী'কে অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/ উপজেলা প্রকৌশলী, দিরাই |
| ...ক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, দিরাই সভায় সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় তাঁর বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা শিক্ষা অফিসার, দিরাই'কে অনুরোধ জানান।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা শিক্ষা অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার, দিরাই |
| ...মাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় তাঁর দাপ্তরিক কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম বিস্তারিত প্রতিবেদনসহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দিরাই |
| ...াধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার দিরাই সভায় সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় তাঁর দাপ্তরিক কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার দিরাই'কে অনুরোধ জানানো হয়।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম বিস্তারিত প্রতিবেদনসহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমি... শিক্ষা অফিসার, দিরাই |
| ...ল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা দিরাই, সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা দিরাই'কে অনুরোধ জাননো হয়।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিরাই |
| ...ব উন্নয়ন বিভাগ | সহকারী উপজেলা যুব উন্নয়ন অফিসার দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করেন। তিনি সভার সৃষ্টি আকর্ষণ করে বলেন আগামী- ০১ নভেম্বর জাতীয় যুব দিবস ২০২৩ দেশব্যপী উদ্‌যাপিত হতে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় দিরাই উপজেলাতেও জাতীয় যুব দিসব যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপিত হবে; উক্ত অনুষ্ঠানে সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। সেই সাথে তিনি আরও জানান উক্ত দিবস উদ্‌যাপনে সরকারি যে পরিমাণ বরাদ্দ প্রদান করা হয় তা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। তাই উপজেলা পরিষদ হতে আর্থিক অনুদান হিসেবে ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা অর্থ বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ জানান। এছারাও তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। সেই সাথে আগামী- ০১ নভেম্বর জাতীয় যুব দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন করার জন্য আর্থিক অনুদান হিসেবে ২০,০০০/- (বিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজে... পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মক... ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/উপজেলা উন্নয়ন অফিসার দিরাই |



Scanned With Scanner App Lite

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

| | | |
|---|---|---|
| | ০১টি ব্যাটারী ক্রয় বাবদ- ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় বলেন উপজেলা পরিষদরে দাপ্তরিক কাজে ব্যবহৃত জীপ গাড়ির চায়ার ০১(এক)টি টায়ার অকেজু হয়ে পড়ায় গাড়িটি ব্যবহার করা যাচ্ছিল না। তাই জরুরি ভিত্তিতে ০১(এক)টি টায়ার গত মাসের সভার সিদ্ধান্ত মোতাবেক ক্রয় করা হয়। চলতি মাসে আরেকটি টায়ার অকেজু হয়ে গাড়িটে গ্যারেজে পরে আছে; তাই জরুরী ভিত্তিতে আরেকটি টায়ারক্রয় করা প্রয়োজন। উক্ত টায়ার ক্রয় করতে সর্বমোট- ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা ব্যয় হবে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদরে দাপ্তরিক কাজে ব্যবহৃত জীপ গাড়ির চায়ার ০১(এক)টি টায়ারক্রয় বাবদ ব্যয়িত সর্বমোট- ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (গ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান উপজেলা পরিষদের জন্য ০১টি এবং সম্মেলন কক্ষের জন্য ০১টি সহমোট- ০২টি টেবিল ক্রয় বাবদ সর্বমোট- ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের জন্য ০১টি এবং সম্মেলন কক্ষের জন্য ০১টি সহমোট- ০২টি টেবিল ক্রয় বাবদ ব্যয়িত সর্বমোট- ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ঘ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান উপজেলা পরিষদ অফিস কক্ষের জন্য ০৩টি চেয়ার ক্রয় করা প্রয়োজন। উক্ত চেয়ার ০৩টি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ক্রয় করার জন্য সভায় অনুরোধ জানান।<br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের অফিস কক্ষের জন্য ০৩(তিন)টি চেয়ার উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে সর্বোচ্চ- ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা ব্যয়েক্রয় করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ঙ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় তার অফিস, বাস ভবনের আঙ্গিনা এবং পরিষদ ক্যাম্পাস পরিষ্কার-পরিচ্ছন্ন বাবদ- ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ক্রয় করার জন্য সভায় অনুরোধ জানান।<br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা নির্বাহী অফিসারের অফিস, বাস ভবনের আঙ্গিনা এবং পরিষদ ক্যাম্পাস পরিষ্কার-পরিচ্ছন্ন বাবদ ব্যয়িত- ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মন্জুর আলম চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দিরাই
সুনামগঞ্জ।
তারিখ ঃ ১৮/০৯/২০২৩

স্মারক নং- ০৫.৬০.৯০২৯.০০০.১০.০০১.১২-৪২(৫০)

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-২
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
০৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ
০৬। মেয়র, দিরাই পৌরসভা
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই, সুনামগঞ্জ
০৮। উপজেলা ------------------------------------------------ অফিসার (সংশিষ্ট সকল), দিরাই
০৯। চেয়ারম্যান------------------------------------------------ ইউ/পি (সকল), দিরাই
১০। অফিস নথি/মাস্টার ফাইল।

(মাহমুদুর রহমান মামুন)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, দিরাই
ও
উপজেলা নির্বাহী অফিসার
দিরাই, সুনামগঞ্জ।